6

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 AUG 1998 ...
পৃঃ 2 কলাম ...

# বাজেট ঘাটতি পূরণে ঢাকা বিশ্ববিদ্যালয় হিমশিম খাইতেছে

আনোয়ার আলদীন ॥ প্রয়োজনীয় সরকারী অনুদানের হার হ্রাস পাওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ে প্রতি বৎসর কোটি কোটি টাকার বাজেট ঘাটতি দেখা দিতেছে। এই ঘাটতি পোষাইয়া নিতে

(২য় পৃষ্ঠায় ৩-এর কঃ দ্রঃ)

## ঢাকা বিশ্ববিদ্যালয়ে

(প্রথম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয় হিমশিম খাইতেছে। দেশের সকল বিশ্ববিদ্যালয়ের অবস্থা একইরকম।

বিশ্ববিদ্যালয়ের নিজস্ব উৎস হইতে আয় বৃদ্ধিও উল্লেখযোগ্য নহে। ঘাটতি পূরণে ছাত্র বেতন ও বিবিধ ফি বৃদ্ধি করা হইলেও শেষাবধি ছাত্র আন্দোলনের মুখে কর্তৃপক্ষ ইহার ৭০ ভাগ হ্রাস করিয়াছে।

বিশ্ববিদ্যালয়ের বিগত বৎসরগুলির বাজেট ঘাটতিসহ চলতি ১৯৯৮-৯৯ আর্থিক বৎসরের মোট পুঞ্জিভূত বাজেট ঘাটতির পরিমাণ দাঁড়াইয়াছে ৪ কোটি ৮৩ লক্ষ ৪৫ হাজার টাকা। উদ্ভূত পরিস্থিতি মোকাবিলা এবং জরুরী শিক্ষা অবকাঠামো উন্নয়নে ঢাকা বিশ্ববিদ্যালয় সরকারের নিকট ৭৪ কোটি ৪ লক্ষ টাকার অনুদান চাহিয়াছে। কিন্তু ইহার মধ্যে মাত্র ৬০ কোটি ৫০ লক্ষ টাকার অস্থায়ী আশ্বাস মিলিয়াছে। গত বৎসর ঘাটতি মোকাবিলা ও উন্নয়ন কার্যক্রমের জন্য বিশ্ববিদ্যালয় ৬৮ কোটি ৫ লক্ষ টাকা চাহিয়া সরকারের নিকট হইতে মাত্র ৫৩ কোটি ৯৫ লক্ষ টাকা পাইয়াছিল।

জানা গিয়াছে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক ব্যয় বৃদ্ধির গড় হার সরকারী অনুদান বৃদ্ধির হারের তুলনায় ৭ দশমিক ২৫ ভাগ বেশী। অন্যদিকে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় প্রতি বৎসর গড়ে ১ দশমিক ৪৫ ভাগ হারে কমিতেছে।

১৯৯৪-৯৫ শিক্ষা বর্ষের বাজেটে বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় ছিল শতকরা ১০ দশমিক ৮৫ ভাগ। চলতি ১৯৯৮-৯৯ শিক্ষা বৎসরে এই হার দেখানও হইয়াছে ৯ দশমিক ৭ ভাগ। ১৯৯৫-৯৬ অর্থ বৎসর হইতে গত ৫ বৎসরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে সরকারী অনুদান বৃদ্ধির গড় হার হইল শূন্য দশমিক ২৩ ভাগ। এই অবস্থা চলিতে থাকিলে ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সকল বিশ্ববিদ্যালয় ভয়াবহ, বাজেট সমস্যার মুখোমুখি হইবে।